




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সাতক্ষীরা

কাস্টমস নিলাম বিজ্ঞপ্তি

নিলাম ক্রেতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শুষ্ক গুদাম, সাতক্ষীরায় রক্ষিত বাজেয়াপ্তকৃত শ্যাম্পু, সাবান, এলাচ, থান কাপড়, বাইসাইকেল, তালা, স্যান্ডেল বাইসাইকেল, শার্ট পিচ, প্যান্ট পিচ, শার্টের থান কাপড়, বাচ্চাদের জিন্স প্যান্ট, বাইসাইকেলের বিভিন্ন যন্ত্রাংশ ইত্যাদি এবং শুষ্ক গুদাম, বসন্তপুরে রক্ষিত স্যান্ডেল, তালা, ইমিটিশনের কানের দুল, চেন, চুড়ি, আলতা, মাথার ক্লিপ ইত্যাদি মালামাল যে অবস্থায় আছে সে ভিত্তিতে সীল্ড টেন্ডারের মাধ্যমে নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলামে মোট -০৬টি লট অন্তর্ভুক্ত আছে। লট নং-০১/২০ এর সংরক্ষিত মূল্য ৮,৮৬,৩৫৫/-, লট নং-০২/২০ এর সংরক্ষিত মূল্য ৫,৩০,৮৮০/- টাকা, লট নং-০৩/২০ এর সংরক্ষিত মূল্য ৭,২৪,০৬৫/-টাকা, লট নং-০৪/২০ এর সংরক্ষিত মূল্য ৫,১২,৬০৫/-টাকা, লট নং-০৫/২০ এর সংরক্ষিত মূল্য ৩,৮০,৩১৫/-টাকা এবং লট নং-০৬/২০ (বসন্ত) এর সংরক্ষিত মূল্য ৬,৯৪,১৫৯/-টাকা। আগামী ০৭/০৭/২০২০ খ্রিঃ তারিখ হইতে ১৫/০৭/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) (ক) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা, (খ) জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা (গ) অধিনায়ক-৩৩ বর্ডার গার্ড বাংলাদেশ, সাতক্ষীরা এবং (ঘ) সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সাতক্ষীরা কার্যালয় হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার বিনিময়ে সকাল ০৯.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত দরপত্র /সিডিউল বিক্রয় করা হবে এবং উক্ত দপ্তর সমূহে রক্ষিত দরপত্র বাবলে একই সময়ে দরপত্র ড্রপ বা দাখিল করা যাবে। আগামী ০৭/০৭/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৮/০৭/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে শুষ্ক গুদাম, সাতক্ষীরা এবং বসন্তপুর এ বেলা ১১:০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত নিলামযোগ্য মালামাল পরিদর্শন করা যাবে। আগামী ১৬/০৭/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ টার সময় সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সাতক্ষীরা এর অফিস কক্ষে দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপিসহ উভয় ক্ষেত্রে যে কোন তফসিলী ব্যাংক হতে দরপত্রে উদ্ধৃত মূল্যের ন্যূনতম ১০% (দশ শতাংশ) জামানত হিসেবে সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ সাতক্ষীরা বরাবর পে-অর্ডার দাখিল করতে হবে।

প্রকাশ থাকে যে, যেকোন দরপত্র বাতিল ও নিলামের তারিখ পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। অনুমোদিত বিডমূল্যের উপর ৭.৫% ভ্যাট এবং প্রযোজ্য হারে আয়কর প্রদান করতে হবে। বিডমূল্যসহ প্রযোজ্য ভ্যাট ও আয়কর পরিশোধ করে মালামাল খালাস নিতে হবে। বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ হুরেয়ার আলম, রাজস্ব কর্মকর্তা মোবাইল নম্বর-০১৯১১-৫৫১০৯৬ এবং নিলামকারী প্রতিষ্ঠান মেসার্স এস.টি. ইন্টারন্যাশনাল, খুলনা, মোবাইল নম্বর- ০১৭২৫-৮৮৮৮৮০ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ রেজাউল করিম)
সহকারী কমিশনার
ও
সদস্য সচিব, নিলাম কমিটি